দামুড়হুদায় দলীয় নেতা-কর্মীদের সাথে জেলা বিএনপি মতবিনিময় সভা

দামুড়হুদা উপজেলার বিভিন্ন ইউনিটের দলীয় নেতা-কর্মীদের সাথে দেশের চলমান পরিস্থিতি নিয়ে গুরুত্বপূর্ণ মতবিনিময় সভা করেছেন চুয়াডাঙ্গা জেলা বিএনপি আহ্বায়ক মাহমুদ হাসান খান বাবু। গতকাল বুধবার বিকেলে দামুড়হুদা উপজেলা বিএনপির কার্যালয়ে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা বিএনপির আয়োজনে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক মাহমুদ হাসান খান বাবু।

দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মো মনিরুজ্জামান মনিরের সভাপতিত্বে মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মো রফিকুল হাসান তনু, সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য কামরুজ্জামান টুনু, সালমা জাহান পারুল।

দামুড়হুদা উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেমের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, স্বেচ্ছাসেবক দলের সভাপতি ইকরামুল হোসেন, উপজেলা যুবদলের আহ্বায়ক মাহবুবুর রহমান বাচ্চু, যুগ্ম আহবায়ক আরিফুল ইসলাম আরিফ, যুগ্ম আহবায়ক সেলিম উদ্দিন, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, উপজেলা যুবদল নেতা ফিরোজ হাসান মন্টু, মাহফুজুর রহমান জনি, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুর রহমান সবুজ, যুবদল, স্বেচ্ছাসেবক দল ছাত্রদল সহ বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দরা।